

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সওয়ারীর উপরে যেদিকে তা ফিরে সেদিকে ফিরে সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ عَلَى الدَّابَّةِ حَيْثُمَا تَوَجَّهَتْ بِهِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا وَكِيعٌ، وَيَحْيَى بْنُ آدَمَ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ بَعَثَنِي النَّبِيُّ صلى الله عليه وسلم فِي حَاجَةٍ فَجِئْتُ وَهُوَ يُصلِّي عَلَى رَاحِلَتِهِ نَحْوَ الْمَشْرِقِ وَالسُّجُودُ أَخْفَضُ مِنَ الرُّكُوعِ. قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنسٍ عَلَى رَاحِلَتِهِ نَحْوَ الْمَشْرِقِ وَالسُّجُودُ أَخْفَضُ مِنَ الرُّكُوعِ. قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنسٍ وَالبْنِ عُمرَ وَأَبِي سَعِيدٍ وَعَامِرِ بْنِ رَبِيعَةَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِرٍ حَدِيثُ حَسَنٌ صَحَدِيثُ وَقَدْ رُوييَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَابِرٍ. وَالْعَمَلُ عَلَى هَذَا عَنْدَ عَامَّةِ مَنْ عَيْرِ وَجْهٍ عَنْ جَابِرٍ. وَالْعَمَلُ عَلَى مَا عَلَى مَا عَلْمَ عَلَى مَا عَلْمَ عَلَى وَاحْلَتِهِ تَطَوَّعًا أَهْلِ الْعِلْمِ لاَ نَعْلَمُ بَيْنَهُمُ اخْتِلاَفًا . لاَ يَرَوْنَ بَأْسًا أَنْ يُصلِّي الرَّجُلُ عَلَى رَاحِلَتِهِ تَطَوَّعًا حَيْثُمَا كَانَ وَجْهُهُ إِلَى الْقِبْلَةِ أَوْ غَيْرِهَا .

বাংলা

৩৫১. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি কাজে পাঠিয়েছিলেন। ফিরে এসে দেখি তিনি তাঁর সওয়ারীর উপর পূর্বদিকে ফিরে সালাত আদায় করছেন। তিনি সিজদার সময় রুকু অপেক্ষা বেশি ঝুঁকছিলেন। - সহিহ আবু দাউদ ১১১২, বুখারি ও মুসলিম সিজদার কথা উল্লেখ না করে; বুখারি কাজে পাঠানো শব্দ ব্যাতিত। তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস, ইবনু উমর, আবূ সাঈদ ও আমির ইবনু রাবীআ রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ জাবির রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। এটি একাধিক সূত্রে জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে। সাধারণভাবে আলিম ও ফকীহগণ এই হাদীস অনুসারেই আমল করেছেন। এই বিষয়ে তাঁদের মাঝে কোন মতবিরোধ নেই। সওয়ারীর উপর নফল সালাত কিবলা বা অন্য কোনদিকে ফিরে আদায় করায় কোন ত্রুটি আছে বলে তাঁরা মনে করেন না।

English



Jabir narrated:

"The Prophet dispatched me for something he needed. I came to him while he was performing Salat on his mount, heading east, he made the prostrations lower than the bowing."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন